

২৬৪ কি: মি:

এফ. আহমেদ

আমি তখন তোমার থেকে -
২৬৪ কি: মি: দুরে ।
ইচ্ছে হলে কল করতে পারি
মোবাইলে,
একসাথে দেখতে পারি না
প্রবল ঝড় ।
চাইলে চিঠি লিখতে পারি
পোস্টে,
পেতে পারি না তোমাকে
আমার পাশে ।
তোমার একাকীত্বের সঙ্গী
আরীব,
আমার একাকীত্বের সঙ্গী
একটা খোলা জানালা ।
যেখানে তাকালে দেখা যায় -
দুরে পাহাড় অথবা ঝাউবন ।
যারাও আমার মত একা,
দাড়িয়ে দিবা রাত ।
চাইলে বন্দর নগরীর বন্দরটাও দেখা যায় -
এর দিবা কিংবা রাতের সৌন্দর্য ।
রাতে আমার সঙ্গী -
পূর্ণিমা কিংবা ঐ বন্দর ।।